# ভর্তি নির্দেশিকা
# ২০২০-২০২১





জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ- ২২২৪।

## প্রাসঙ্গিক তথ্যাবলি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর কৈশোর স্মৃতি বিজড়িত ত্রিশালের নামাপাড়ার বটতলায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়-এর যাত্রা শুরু হয় ৯ মে ২০০৬ সালে। সংস্কৃতি ও প্রযুক্তির মেলবন্ধনে শহরের যান্ত্রিক কোলাহল থেকে দূরে নিরিবিলি ও ছায়া সুনিবিড় সবুজ এই ক্যাম্পাস। মোট ০৪ (চার) টি বিভাগ নিয়ে শুরু হয় এর পথচলা। ১৫ বছরের ব্যবধানে বর্তমানে ২৪ (চব্বিশ) টি বিভাগে শিক্ষা কার্যক্রম চলমান আছে।

**জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত পরিচিতি:**

| | |
|---|---|
| নাম | : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় |
| চ্যান্সেলর | : জনাব মো. আবদুল হামিদ, মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ |
| ভাইস-চ্যান্সেলর (অন্তর্বর্তীকালীন) | : প্রফেসর মো. জালাল উদ্দিন |
| ট্রেজারার | : প্রফেসর মো. জালাল উদ্দিন |
| মোট আয়তন | : ৫৭ একর |
| প্রতিষ্ঠাকাল | : ৯ মে ২০০৬ |
| উদ্বোধন | : ৩ জুন ২০০৬ |
| উদ্বোধনী ক্লাস | : ৩ জুন ২০০৭ |
| উদ্বোধনী বিভাগ | : বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ, সংগীত বিভাগ এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| উদ্বোধনী শিক্ষাবর্ষ | : ২০০৬-২০০৭ |
| বর্তমান শিক্ষার্থী | : ৭,২৫২ জন |

**অনুষদওয়ারি বিভাগসমূহ:**

| অনুষদের নাম | বিভাগসমূহ |
|---|---|
| কলা অনুষদ | ১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ |
| | ২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ |
| | ৩) সংগীত বিভাগ |
| | ৪) থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ |
| | ৫) ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ |
| | ৬) দর্শন বিভাগ |
| বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ | ১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ২) ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ৩) এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ৪) পরিসংখ্যান বিভাগ |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | ১) অর্থনীতি বিভাগ |
| | ২) লোক প্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ |
| | ৩) ফোকলোর বিভাগ |
| | ৪) নৃবিজ্ঞান বিভাগ |
| | ৫) পপুলেশন সায়েন্স বিভাগ |
| | ৬) স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ |
| | ৭) সমাজবিজ্ঞান বিভাগ |
| ব্যবসায় প্রশাসন অনুষদ | ১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ |
| | ২) ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ |
| | ৩) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ |
| | ৪) ব্যবস্থাপনা বিভাগ |
| | ৫) মার্কেটিং বিভাগ |
| আইন অনুষদ | আইন ও বিচার বিভাগ |
| চারুকলা অনুষদ | চারুকলা বিভাগ |



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান হল



বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল



সামাজিক বিজ্ঞান অনুষদ ও ব্যবসায় প্রশাসন অনুষদ



কেন্দ্রীয় গ্রন্থাগার



দোলন-চাঁপা হল



অগ্নি-বীণা হল



প্রশাসনিক ভবন

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে শুধুমাত্র GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইন (Online) রেজিস্ট্রেশন পদ্ধতির মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**১। নিম্নলিখিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে** GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থীরা **আবেদন করতে পারবে।**

<table>
<tr><th colspan="2">ইউনিট</th><th>ইউনিটভুক্ত বিভাগের নাম ও আসন সংখ্যা</th><th>মোট আসন</th></tr>
<tr><td rowspan="2">FA</td><td>FA1</td><td>(১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ-৫৫ (২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ-৫০ (৩) ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ-২৫ এবং (৪) দর্শন বিভাগ-৫০</td><td>১৮০</td></tr>
<tr><td>FA2</td><td>(১) সংগীত বিভাগ-৫৫ এবং (২) থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ-২৫</td><td>৮০</td></tr>
<tr><td colspan="2">FSE</td><td>(১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ (২) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ (৩) এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ এবং (৪) পরিসংখ্যান বিভাগ-৪০</td><td>১৬০</td></tr>
<tr><td colspan="2">FBA</td><td>(১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ-৫০ (২) ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ-৫০ (৩) হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট বিভাগ-৫০ এবং (৪) ব্যবস্থাপনা বিভাগ-৫০ এবং (৫) মার্কেটিং বিভাগ-৩০</td><td>২৩০</td></tr>
<tr><td colspan="2">FSS</td><td>(১) অর্থনীতি বিভাগ-৫০ (২) লোক প্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ-৫০ (৩) ফোকলোর বিভাগ-৫০ (৪) নৃবিজ্ঞান বিভাগ-৫০ (৫) পপুলেশন সায়েন্স বিভাগ-৫০ (৬) স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ-৫০ এবং (৭) সমাজবিজ্ঞান বিভাগ-৫০</td><td>৩৫০</td></tr>
<tr><td colspan="2">FL</td><td>(১) আইন ও বিচার বিভাগ-৫০</td><td>৫০</td></tr>
<tr><td colspan="2">FFA</td><td>(২) চারুকলা বিভাগ-৪০</td><td>৪০</td></tr>
<tr><td colspan="3" align="right">সর্বমোট=</td><td>১০৯০</td></tr>
<tr><td colspan="4">★ FSE ইউনিটে GST এর শুধুমাত্র A ইউনিটের শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে।</td></tr>
</table>

**২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা:** ২০১৭ ও ২০১৮ সালের এসএসসি/সমমান এবং ২০১৯ ও ২০২০ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তির জন্য আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক ভর্তিচ্ছু আবেদনকারীদের যোগ্যতা:

<table>
<tr><th colspan="2">ইউনিট</th><th>বিভাগীয় শর্তসমূহ</th><th>GST ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত ন্যূনতম নম্বর</th><th>এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ GST-এর জন্য ন্যূনতম জিপিএ</th></tr>
<tr><td rowspan="2">FA</td><td>FA1</td><td>i) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগে GST ভর্তি পরীক্ষায় প্রতিটি ইউনিটে ইংরেজি অংশে নির্ধারিত নম্বরের ৬০% পেতে হবে। তবে কোটাধারীদের জন্য ইংরেজি অংশে নির্ধারিত নম্বরের ৪০% পেতে হবে।<br>ii) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগ ও দর্শন বিভাগে GST ভর্তি পরীক্ষায় প্রতিটি ইউনিটে ইংরেজি অংশে নির্ধারিত নম্বরের ২০% এবং বাংলা অংশে নির্ধারিত নম্বরের ৩০% পেতে হবে।</td><td rowspan="7">GST পরীক্ষায় অংশগ্রহণকারী ভর্তিচ্ছু আবেদনকারীদের প্রাপ্ত নম্বরের ক্ষেত্রে ন্যূনতম স্কোর ৩০ পেতে হবে। তবে কোটাধারীদের ক্ষেত্রে ন্যূনতম স্কোর হবে ২৮। ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ ব্যতিত অন্য কোন বিভাগের ক্ষেত্রে কোটাধারীদের জন্য বিভাগীয় শর্ত প্রযোজ্য হবে না। তবে GST-পরীক্ষায় অংশগ্রহণকারী ভর্তিচ্ছু সাধারণ ও কোটাধারী উভয় শিক্ষার্থীর ক্ষেত্রে উত্তরকৃত বিষয়গুলোর যেকোনো বিষয়ে কোনটিতে নেগেটিভ নম্বর পেলে কোন অনুষদে আবেদন করতে পারবে না।</td><td rowspan="7">GST-এর নির্ধারিত যোগ্যতা অনুযায়ী।<br>i) বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৮.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।<br>ii) মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গাহর্স্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।<br>iii) বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।<br>iv) জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ০৩টি বিষয়ে B-গ্রেডসহ ০৫টি বিষয়ে পাস এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ০২টি বিষয়ে B-গ্রেডসহ ০৩টি বিষয়ে পাস থাকতে হবে।</td></tr>
<tr><td>FA2</td><td>i) সংগীত বিভাগ এবং থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ভর্তিচ্ছু আবেদনকারীদের অতিরিক্ত ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মোট ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষার মধ্যে পাশ নম্বর হবে ৫০, তবে কোটাধারীদের ক্ষেত্রে পাশ নম্বর হবে ৪০।</td></tr>
<tr><td colspan="2">FSE</td><td>i) সিএসই এবং ইইই বিভাগে ভর্তির ক্ষেত্রে GST পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে প্রতিটিতে ২০ নম্বরের মধ্যে ন্যূনতম ০৭ নম্বর পেতে হবে।<br>ii) ইএসই বিভাগে ভর্তির ক্ষেত্রে GST পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে ২০ নম্বরের মধ্যে ন্যূনতম ০৭ নম্বর পেতে হবে।<br>iii) পরিসংখ্যান বিভাগে ভর্তির ক্ষেত্রে GST পরীক্ষায় গণিত বিষয়ে ২০ নম্বরের মধ্যে ন্যূনতম ০৭ নম্বর পেতে হবে।</td></tr>
<tr><td colspan="2">FBA</td><td>বিভাগ সমূহের জন্য কোন শর্ত নেই।</td></tr>
<tr><td colspan="2">FSS</td><td>GST ভর্তি পরীক্ষায় প্রতিটি ইউনিটে ইংরেজি অংশে নির্ধারিত নম্বরের ৩০% পেতে হবে।</td></tr>
<tr><td colspan="2">FL</td><td>GST ভর্তি পরীক্ষায় ইংরেজি অংশে নির্ধারিত নম্বরের ইউনিট অনুযায়ী নিম্নলিখিত সর্বনিম্ন নম্বর অবশ্যই পেতে হবে।<br>i) এ-ইউনিট থেকে সর্বনিম্ন ০৫ নম্বর।<br>ii) বি-ইউনিট থেকে সর্বনিম্ন ১৫ নম্বর।<br>iii) সি-ইউনিট থেকে সর্বনিম্ন ০৫ নম্বর।</td></tr>
<tr><td colspan="2">FFA</td><td>চারুকলা বিভাগের শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ভর্তিচ্ছু আবেদনকারীদের অতিরিক্ত ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মোট ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষার মধ্যে পাশ নম্বর হবে ৫০ তবে কোটাধারীদের ক্ষেত্রে পাশ নম্বর হবে ৪০।</td></tr>
</table>

৩। আবেদনের নিয়মাবলি:

ক) আবেদন করার জন্য আবেদনকারীকে https://gstadmission.jkkniu.edu.bd/ ওয়েবসাইটে প্রবেশ করে নিচের তথ্য দিয়ে লগইন করতে হবে:

i) GST ভর্তি পরীক্ষার Unit

ii) GST ভর্তি পরীক্ষার রোল নম্বর

iii) HSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর

খ) উল্লিখিত তথ্যগুলো সঠিক হলে আবেদেনকারী তার GST ভর্তি পরীক্ষায় বিভিন্ন সাবজেক্টে প্রাপ্ত নম্বর, HSC এবং SSC তে প্রাপ্ত জিপিএ সহ একটি ড্যাশবোর্ড দেখতে পাবে।

গ) এখন ভর্তির আবেদন করার জন্য Apply Now বাটনে ক্লিক করতে হবে। এই সময় কোটা সংক্রান্ত তথ্য দেখাবে। কোটা না-থাকলে No Quota, কোটা থাকলে নির্ধারিত কোটা নির্বাচন করে পরবর্তী ধাপে যাবে।

ঘ) এই ধাপে আবেদনকারী বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ এবং অনুষদে অন্তর্ভুক্ত বিভাগগুলো দেখতে পাবে। আবেদনকারী এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অনুষদ এবং বিভাগীয় আবশ্যিক শর্ত পূরণ করলে বিভাগের পাশে টিক চিহ্ন, শর্তপূরণ না করলে ক্রস দেখতে পাবে। আবেদনকারী যে অনুষদে আবেদন করতে ইচ্ছুক, সেই অনুষদের পাশের Apply বাটনে ক্লিক করে পরবর্তী ধাপে যাবে।

ঙ) এই ধাপে আবেদনকারীকে তার নির্ধারিত অনুষদের জন্য আবেদন ফি প্রদান করতে হবে। বিভিন্ন অনলাইন গেটওয়ে এবং মোবাইল ব্যাংকিং সেবা (সোনালী ব্যাংক, bKash, নগদ, UCash ইত্যাদি) এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়া যাবে। বিস্তারিত ***'আবেদন ফি জমা দেওয়ার পদ্ধতি'*** অনুচ্ছেদে পাওয়া যাবে।

চ) আবেদন ফি জমা দেওয়ার প্রক্রিয়া সম্পন্ন হলে আবেদনকারী Application Status পেইজে আসবে। এখানে আবেদনকারী তার সকল আবেদন দেখতে পাবে এবং প্রতিটি আবেদনের ফি-জমাদানের রশিদ Download বাটনে ক্লিক করে ডাউনলোড করে সংগ্রহ করতে পারবে।

৪। আবেদন ফি জমা দেওয়ার পদ্ধতি:

ক) মোবাইল ব্যাংকিং

i) আবেদনকারীকে প্রথমে মোবাইল ব্যাংকিং এর মাধ্যম (bKash, নগদ, UCash) নির্বাচন করতে হবে।

ii) মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (মোবাইল নম্বর) সরবরাহ করে পরবর্তী ধাপে যেতে হবে।

iii) একাউন্ট নম্বরটি সঠিক হলে, এই ধাপে পেমেন্টকারী তার প্রদত্ত মোবাইল নম্বরে একটি OTP রিসিভ করবে।

iv) পেইজে দেখানো OTP বক্সে প্রাপ্ত OTP টি সরবরাহ করতে হবে এবং প্রয়োজনীয় পিন কোড দিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

খ) অনলাইন ব্যাংকিং

i) অনলাইন ব্যাংকিং এর ক্ষেত্রে সোনালী ব্যাংক নির্বাচন করে আবেদনকারীকে Account Transfer অপশনটি নির্বাচন করতে হবে।

ii) একাউন্ট নম্বর, পেমেন্টকারীর নাম ও মোবাইল নম্বর সরবরাহ করে পরবর্তী ধাপে যেতে হবে। ।

iii) প্রদত্ত তথ্য সঠিক হলে, এই ধাপে পেমেন্টকারী তার প্রদত্ত মোবাইল নম্বরে একটি OTP রিসিভ করবে।

iv) পেইজে দেখানো OTP বক্সে প্রাপ্ত OTP টি সরবরাহ পেমেন্ট সম্পন্ন করতে হবে।

৫। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য **হেলপলাইন নম্বর: ০১৭৮৪১২৪৮১৫ এবং ০১৭১২৫৬৩৫০২।**

৬। **বিভিন্ন ইউনিটের আবেদন ফি:** প্রতি ইউনিটের জন্য (চার্জ ব্যতিত) ৪০০/-(চারশত) টাকা মাত্র।

৭। i) GST ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সঙ্গে এসএসসি/দাখিল/সমমান ও এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-র সঙ্গে নিম্নলিখিত নিয়মানুযায়ী গুণ করে সর্বোচ্চ যথাক্রমে ১২ ও ১৮ নম্বর (সর্বমোট ৩০ নম্বর) যোগ হবে। জিপিএ এর ক্ষেত্রে নম্বর যোগ করার নিয়ম নিম্নরূপ:

এসএসসি/সমমান-তে প্রাপ্ত জিপিএ .............. X২.৪ =

এইচএসসি/সমমান-তে প্রাপ্ত জিপিএ ............ X৩.৬ =

ii) 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেডপয়েন্ট অনুরূপভাবে জিপিএ হিসেবে ব্যবহার করতে হবে।

৮। **কোটায় আবেদনকারী প্রার্থীকে আবেদনের সময় অবশ্যই নির্ধারিত কোটা উল্লেখ করতে হবে। আবেদনের সময় কোটা উল্লেখ না করলে পরবর্তী সময়ে তাকে আর কোটায় বিবেচনা করার সুযোগ থাকবে না।**

ভর্তির সময় কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য নিম্নলিখিত সনদ অবশ্যই সংগে আনতে হবে:

(ক) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, মূল সনদপত্র, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

(খ) মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছুদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা, দাদা/দাদী, নানা/নানীর মুক্তিযোদ্ধার **মূল সনদপত্র এবং মুক্তিবার্তা/গেজেট এর ছায়ালিপি**; অন্য কোন সনদ গ্রহণযোগ্য নয়।

(গ) মুক্তিযোদ্ধার নাতি-নাতনী কোটায় ভর্তিচ্ছুদের ক্ষেত্রে **পিতা-মাতার বিবাহের কাবিননামা, জাতীয় পরিচয়পত্র, সনাতন ও অন্যান্য ধর্মালম্বীদের ক্ষেত্রে পিতা-মাতার বিবাহের এফিডেভিট এবং তাদের জাতীয় পরিচয়পত্র।**

(ঘ) অন্যান্য কোটায় ভর্তিচ্ছুদেরকে সংশ্লিষ্ট কোটা প্রমাণের সপক্ষে মূল সনদপত্র।

*** মুক্তিযোদ্ধা কোটায় প্রক্রিয়াধীন সনদ ভর্তির জন্য বিবেচনায় আনা হবে না।
*** সনদ যাচাইঅন্তে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করা হবে।
*** যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কোটায় ১% আসন সংরক্ষিত থাকবে। সেক্ষেত্রে সাক্ষাতকারের সময় তাদের প্রমাণপত্র নিয়ে আসতে হবে।
*** হরিজন কোটায় ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে জেলা প্রশাসক /উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ এবং জন্মসনদ জমা দিতে হবে।

**৯। আবেদন করার সময়সীমা: ১২/১২/২০২১ থেকে ৩০/১২/২০২১ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।**

**১০। কোটায় আসন সংখ্যা:**

| ইউনিট | মুক্তিযোদ্ধা (৫%) | প্রতিবন্ধী (১%) | আদিবাসী (৩%) | পোষ্য (১%) | যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (১%) | হরিজন ও দলিত গোষ্ঠী (১%) | মোট আসন |
|---|---|---|---|---|---|---|---|
| FA1 | ৯ | ২ | ৬ | ২ | ২ | ২ | ২৩ |
| FA2 | ৪ | ১ | ৩ | ১ | ১ | ১ | ১১ |
| FSE | ৮ | ২ | ৫ | ২ | ২ | ২ | ২১ |
| FBA | ১২ | ৩ | ৭ | ৩ | ৩ | ৩ | ৩১ |
| FSS | ১৮ | ৪ | ১১ | ৪ | ৪ | ৪ | ৪৫ |
| FL | ৩ | ১ | ২ | ১ | ১ | ১ | ৯ |
| FFA | ২ | ১ | ২ | ১ | ১ | ১ | ৮ |
| সর্বমোট | ৫৬ | ১৪ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ৩৬ | ১৪ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১৪ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১৪ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১৪৮ |

**১১। মেধাক্রম:**

ক) GST ভর্তি পরীক্ষার প্রাপ্ত স্কোর এবং সঙ্গে এসএসসি/দাখিল/সমমান ও এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ স্কোরের সমন্বিত মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা নির্দিষ্ট সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং স্ব-স্ব বিভাগের নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। তবে সংগীত, চারুকলা ও থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের ব্যবহারিক পরীক্ষার স্কোর সংযোজন পূর্বক মেধাতালিকা প্রকাশ করা হবে। মেধাতালিকা ঘোষণার পর এই নির্দেশিকায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে মেধাস্কোরের ক্রম অনুযায়ী প্রার্থীদের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য প্রাথমিক মনোনয়ন দেয়া হবে। মনোনীত প্রার্থীদের নির্দেশিত সময়ে মাধ্যমিক/দাখিল/সমমান এবং উচ্চ মাধ্যমিক/আলিম বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট যাচাইয়ের পর প্রার্থীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির জন্য চূড়ান্ত মনোনয়ন দেয়া হবে। নির্দেশিত সময়ের মধ্যে মূল গ্রেডশিট জমা না দিলে প্রার্থীর ভর্তির এই মনোনয়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে ও প্রার্থীকে আসন বণ্টন তালিকা থেকে বাদ দেয়া হবে। এবং মেধাক্রম অনুযায়ী পরবর্তী প্রার্থীকে বিভাগের শর্তপূরণ সাপেক্ষে এই শূন্য আসনে ভর্তির জন্য মনোনয়ন দেয়া হবে।

খ) ইউনিটওয়ারি প্রণীত মেধাতালিকা অনুসারে শিক্ষার্থীদের কাগজপত্র যাচাই-বাছাইয়ের জন্য সাক্ষাৎকারে ডাকা হবে। সাক্ষাৎকার বোর্ডে পরীক্ষার্থীর চূড়ান্ত ফলাফল মোতাবেক প্রার্থীর যোগ্যতা যাচাই করে সন্তুষ্ট হলে প্রার্থী ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে। সাক্ষাৎকারে কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে বা অযোগ্য বিবেচিত হলে, সৃষ্ট শূন্য আসনগুলো পূরণের উদ্দেশ্যে অপেক্ষমান মেধা তালিকা থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে পুনরায় মেধাক্রম অনুসারে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

**১২। সাক্ষাৎকার গ্রহণের দিনে শিক্ষার্থীকে নিম্নোক্ত ধাপ অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

(১) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের GST ভর্তি পরীক্ষার রঙিন এডমিট কার্ড প্রদর্শন সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট থেকে ভর্তির মূল আবেদন পত্র নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে।
(২) নির্বাচিত শিক্ষার্থীদের নিজ হাতে মূল ভর্তি ফরম পূরণ করে ভর্তির প্রয়োজনীয় সনদপত্রসমূহের (মাধ্যমিক/দাখিল/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বর পত্র, উচ্চ মাধ্যমিক/আলিম/সমমান ‘ও’লেভেল/‘এ’ লেভেল পরীক্ষার মূলনম্বর পত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র), ০৩ (তিন) সেট সত্যায়িত ফটোকপিসহ মূল সনদপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **ন্যূনতম ০৬ কপি সত্যায়িত রঙিন ছবি সঙ্গে নিয়ে আসতে হবে।**
(৩) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান প্রয়োজনীয় মূল সনদপত্রসমূহ পরীক্ষা করে প্রার্থীর ভর্তির মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি ও প্রার্থীর চেহারা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীর স্বাক্ষর মিলিয়ে সত্যতা নিশ্চিত হয়ে মূল ভর্তি ফরমে স্বাক্ষর করবেন।
(৪) ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীরা ভর্তির মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর অনুষদীয় ডিন ও হল প্রাধ্যক্ষের সুপারিশ নিয়ে নির্ধারিত ভর্তি ফি ব্যাংকে জমা দিয়ে ফরমের নির্ধারিত স্থানে ব্যাংক কর্মকর্তার স্বাক্ষরসহ প্রশাসনিক ভবনে রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় জমা দিতে হবে।
(৫) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে প্রার্থীর ভর্তির অধিকার বাতিল হবে।
(৬) ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে পরবর্তী সময়ে যেকোনো ভর্তি সংক্রান্ত দলিল যেমন সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্র ভুয়া বা জাল প্রমাণিত হলে তার ভর্তি তাৎক্ষণিক বাতিল হবে। এবং প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

**১৩। ভর্তি কার্যক্রম:**

আবেদনপত্র গ্রহণ: ১২ ডিসেম্বর ২০২১ থেকে ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত।

১৪। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সামগ্রিক তথ্যাবলি www.jkkniu.edu.bd ওয়েবসাইট-এ ভর্তি নির্দেশিকা থেকে পাওয়া যাবে। তাছাড়া বিজ্ঞপ্তিতে কোন প্রকার অসংগতি থাকলে তা সংশোধন করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদান করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় যেকোনো হালনাগাদ তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ প্রদান করা হল।

**১৫। ভর্তির জন্য প্রদেয় ফি ও আনুষঙ্গিক ব্যয়:**

| | FA2, FSE ও FFA ইউনিট | FA1, FBA, FSS ও FL ইউনিট |
|---|---|---|
| ভর্তি ফি (এককালীন) (ভর্তি+সেশন) | ২,২০০/- | ২,২০০/- |
| বেতন (প্রতি সেমিস্টার) | ৬০০/- | ৬০০/- |
| পরিবহন ফি | ৩০০/- | ৩০০/- |
| নিবন্ধন ফি (এককালীন) | ১,৫০০/- | ১,৫০০/- |
| খেলাধূলা | ১৫০/- | ১৫০/- |
| ছাত্র-ছাত্রী কল্যাণ তহবিল | ১৫০/- | ১৫০/- |
| সাংস্কৃতিক তহবিল | ৩০০/- | ৩০০/- |
| মেডিক্যাল ফি | ১৫০/- | ১৫০/- |
| ধর্মীয় অনুষ্ঠান তহবিল | ২৫/- | ২৫/- |
| সহায়ক তহবিল | ৩০০/- | ৩০০/- |
| পরিবহন অবকাঠামো উন্নয়ন (এককালীন) | ১,৫০০/- | ১,৫০০/- |
| বিশ্ববিদ্যালয় উন্নয়ন ফি (এককালীন) | ৩,০০০/- | ৩,০০০/- |
| গ্রন্থাগার জামানত ফি (এককালীন) | ৫০০/- | ৫০০/- |
| ল্যাব ব্যবহার | ২৫০/- | - |
| পরীক্ষা ফি (প্রতি সেমিস্টার) | ৫০০/- | ৫০০/- |
| পরিচয়পত্র (বাৎসরিক) | ৭৫/- | ৭৫/- |
| গ্রন্থাগার কার্ড | ৫০/- | ৫০/- |
| নবীনবরণ ফি | ১০০/- | ১০০/- |
| ট্রান্সক্রিপ্ট (প্রতি সেমিস্টার) / সার্টিফিকেট ফি | ১৫০/- | ১৫০/- |
| প্রেসক্রিপসন/ হেলথ কার্ড | ৫০/- | ৫০/- |
| গ্রন্থাগার উন্নয়ন | ৫০০/- | ৫০০/- |
| বিএনসিসি ফি | ৪০/- | ৪০/- |
| মোট= | ১২,৩৯০/- | ১২,১৪০/- |

**১৬। হলের জন্য প্রদেয় ফি: (সকল অনুষদের জন্য প্রযোজ্য)**

| | |
|---|---|
| ছাত্র কল্যাণ ফি | ৫০/- |
| ক্রীড়া ও সাংস্কৃতিক ফি | ২০০/- |
| হল ম্যাগাজিন ফি | ১০০/- |
| কমনরুম ফি | ১০০/- |
| হল সংযোজন ফি | ৭০০/- |
| মোট= | ১,১৫০/- |

**১৭। বিভাগ কর্তৃক আদায়কৃত ফি: (সকল অনুষদের জন্য প্রযোজ্য)**

| | |
|---|---|
| সেমিনার লাইব্রেরি ফি | ১,০০০/- |
| একাডেমিক ক্যালেন্ডার ও সিলেবাস ফি | ১৫০/- |
| বিভাগ উন্নয়ন ফি | ৮৫০/- |
| মোট= | ২,০০০/- |

# ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।



# Admission Guide

Session: 2020-2021

Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh.

www.jkkniu.edu.bd



প্রসপেক্টাসে বর্ণিত ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ:

প্রফেসর মো. জালার উদ্দিন, সভাপতি

কৃষিবিদ ড. মো. হুমায়ুন কবীর, রেজিস্ট্রার ও সদস্য-সচিব

প্রসপেক্টাস উপ-কমিটি ২০২০-২০২১

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

প্রকাশকাল: ডিসেম্বর ২০২১